Bengali

হেগারস্টন স্কুল:
স্কুলটির ভবিষ্যত পরিচালনার ব্যাপারে পরামর্শ

পরামর্শের সময়সীমা

২৮শে সেপ্টেম্বর ২০০৫ ইং-১৪ই নভেম্বর ২০০৫ ইং

www.learningtrust.co.uk

the learning trust
the future for education in Hackney

হেগারস্টন স্কুলের ভবিষ্যত পরিচালনার ব্যাপারে পরামর্শ

এই তথ্য কি সম্পর্কে?

হেগারস্টন স্কুলের ভবিষ্যত পরিচালনার ব্যাপারে লার্নিং ট্রাস্ট বিভিন্ন উপায়গুলি সম্পর্কে আপনার মতামত জানতে চায়।

এই প্রস্তাবগুলি সম্পর্কে আপনি কি মনে করেন সে ব্যাপারে আমাদেরকে জানানোর জন্য আপনার এটা একটা সুযোগ। এই দলিলে রয়েছে:

১। প্রস্তাবিত উপায়গুলি সম্পর্কে ব্যাখ্যা
২। পূরণ করে আমাদের কাছে ফেরৎ পাঠানোর জন্য একটা উত্তর করার ফর্ম, যাতে করে আপনি আপনার মতামত আমাদেরকে জানাতে পারেন।
৩। পেরেন্ট/ কেয়ারার ও ব্যাপক কমিউনিটির সঙ্গে মীটিংগুলির বিস্তারিত বিবরণ যেগুলি পরামর্শে সাহায্য করার জন্য আয়োজন করা হবে

অনুগ্রহ করে আপনার সমাপ্ত করা প্রশ্নাবলীটি নিম্নলিখিত ঠিকানায় ফেরৎ পাঠান:

Asa Melander
The Learning Trust
Hackney Technology and Learning Centre
1, Reading Lane
Hackney E8 1GQ

অথবা আপনার কোন মন্তব্য বা প্রশ্ন থাকলে asa.melander@learningtrust.co.uk ঠিকানায় ই-মেইল পাঠান।

যদি প্রস্তাবগুলি সম্পর্কে আপনার কোন বিশেষ প্রশ্ন থাকে তাহলে 020 8820 7102 নম্বরে এনি ব্ল্যাকমোরের সঙ্গে যোগাযোগ করুন, annie.blackmore@learningtrust.co.uk

এই দলিল ও উত্তর করার ফর্ম অন্লাইনে আমাদের ওয়েবসাইট ভিজিট করেও পাওয়া যাবে:
www.learningtrust.co.uk

পরামর্শের এই ধাপ **১৪ই নভেম্বর ২০০৫ ইং তারিখে** সমাপ্ত হয়ে যাবে।

পুরো দলিলটির কপি **টার্কিশ ও বাংলাতে** পাওয়া যাবে। অনুরোধ করলে অন্যান্য ভাষায় কিংবা বড় ছাপার আকারেও এই দলিলটি সরবরাহ করা হবে। এই দলিলের সামনের দিকে অন্তর্ভুক্ত করা ফর্মটি অন্য কোন ব্যক্তির জন্য যিনি এই দলিলটির অন্য কোন ভাষায় অনুবাদ চান।

হ্যাকনি ও দি লার্নিং ট্রাস্ট

দি লার্নিং ট্রাস্ট হ্যাকনি কাউন্সিলের পক্ষে শিক্ষা বিষয়ক সেবাগুলি সরবরাহ করে। দি লার্নিং ট্রাস্টের একটা কর্তব্য হলো হ্যাকনি স্কুলগুলিতে স্থানের চাহিদা ও মানের উপরে দৃষ্টিপাত অব্যাহত রাখা।

হেগারস্টন স্কুল

হেগারস্টন স্কুলটি হলো বরোর দক্ষিণে অবস্থিত একটা বহু-জাতিক কমিউনিটি স্কুল যেটি ১১-১৬ বছর বয়স্কা বালিকাদের জন্য ৯০০টি স্থান প্রদান করে। ছাত্রীরা ৩০টিরও বেশী বাড়ির ভাষায় কথা বলে। হেগারস্টন হলো একটা স্পেশ্যালিস্ট বা বিশেষজ্ঞ টেক্নোলজি কলেজ।

হেগারস্টন বালিকাদের জন্য একটা উন্নতমানের শিক্ষা প্রদান করে এবং এই বছর উন্নতমানের জিসিএসই ফলাফল অর্জন করেছে। গত পাঁচ বছরের ফলাফলে সীমিত অগ্রগতি দেখা গিয়াছিলো এবং এখন স্কুলটিকে অবশ্যই প্রমাণ করে দেখাতে হবে যে এই অগ্রগতি বজায় রাখা যেতে পারে এবং নূতন নেতৃত্বের আওতায় এটিকে প্রতিষ্ঠা করা যেতে পারে।

এটির রয়েছে একান্তভাবে নিয়োগ করা কর্মচারি এবং স্থানীয় কমিউনিটির সঙ্গে ভালো সম্পর্ক। স্কুলটি বর্তমানে একজন নূতন হেডটীচার নিয়োগ করার প্রক্রিয়ার মধ্যে রয়েছে।

বিবেচনা করার বিষয়গুলি

১। ২০০৪ সালে, হেগারস্টন স্কুলের পরিচালক মন্ডলী বরোতে সেকেন্ডারি শিক্ষার সম্ভাব্য পরিবর্তনগুলি বিবেচনা করে এবং সে পরিবর্তনগুলি হেগারস্টনের জন্য কার্যে পরিণত করার জন্য একটা স্ট্র্যাটেজি গ্রুপ প্রতিষ্ঠা করেছে।

২। ২৭শে এপ্রিল ২০০৫ ইং তারিখের মীটিং-এ হেগারস্টনের পরিচালক মন্ডলী-নিম্নলিখিত বিষয়গুলিতে সম্মত হয়েছে:

স্কুলটির উন্নয়নের ব্যাপারে একটা অপেক্ষাকৃত ব্যাপক দীর্ঘ-মেয়াদী পরিচালন দক্ষতার অংশ হিসাবে, হেগারস্টন স্কুলের পরিচালক মন্ডলী স্থির করে যে এটি একটা সহশিক্ষা (যেখানে ছেলেরা ও মেয়েরা একত্রে পড়াশুনা করে) কমিউনিটি স্কুলে পরিণত হওয়া উচিত, যেটি আনুমানিকভাবে ২০০৭/২০০৮ সাল থেকে চালু করার পরিকল্পনা করা হয়েছে। এই সিদ্ধান্ত ও এটিকে কার্যে পরিণত করার বিষয়টি শর্তসাপেক্ষ অর্থ্যাৎ আইনগত প্রক্রিয়া সমাপ্ত করতে হবে এবং সফলতার সঙ্গে অস্থায়ী অবস্থা পরিচালনার ব্যাপারে লার্নিং ট্রাস্টের সমর্থন ও সম্পদের ব্যবস্থা থাকতে হবে এবং এছাড়া হেগারস্টনে একটা সিক্সথ ফর্ম চালু করতে হবে।

৩। ভবিষ্যতের কর্মসূচির জন্য স্কুল তৈরীর ব্যাপারটি হলো সরকারের পরিচালিত অগ্রণীভূমিকা যেটির লক্ষ্য হলো দেশের সকল সেকেন্ডারি স্কুলগুলিকে রূপান্তরিত করা। আমরা প্রত্যাশা করি যে হ্যাকনি সেকেন্ডারি স্কুলগুলির জন্য কমে £১০৮ মিলিয়ন পাউন্ড বিনিয়োগ করতে হবে। সেকেন্ডারি হেডটীচার ও গভর্নরদের সভাপতি, হ্যাকনি কাউন্সিল এবং দি লার্নিং ট্রাস্টের মধ্যে একটা অংশীদারত্ব বরোতে সেকেন্ডারি শিক্ষা সরবরাহ করার জন্য একটা কল্পনার বিকাশ ঘটাচ্ছে যাতে করে এ বিষয়টি নিশ্চিত করা যায় যে যথোপযুক্ত সুবিধাদি সহ সুপিকল্পিত কাঠামোর মধ্যে ছেলেমেয়েরা শিক্ষা অর্জন করার সুযোগ পায় এবং ভবিষ্যতের প্রয়োজনীয় স্থানের সংখ্যা ও ধরনের চাহিদা পূরণ করতে হ্যাকনি সমর্থ হয়।

৪। দি লার্নিং ট্রাস্ট এখন সর্ব সাধারণের পরামর্শের মাধ্যমে স্কুলের ভবিষ্যত পরিচালনার ব্যাপারে উপায়গুলি সম্পর্কে বিবেচনা করার ইচ্ছা প্রকাশ করে।

৫। আমরা প্রস্তাব করছি যে, যে উপায়গুলি ছেলেদের স্কুলে ভর্তি হওয়ার বিষয়ে অনুমতি প্রদান করবে সেগুলি সেপ্টেম্বর ২০১০ সালের আগে কার্যে পরিণত হচ্ছে না এবং তখন স্কুলের বর্তমান ইয়ার ৭ ছাত্ররা ইয়ার ১১ সমাপ্ত করে থাকবে।

বরোতে কেবলমাত্র বালিকাদের জন্য স্থানের চাহিদা

৬। হ্যাকনির অবস্থিত সেকেন্ডারি স্কুলগুলি যথেস্ট অগ্রগতি লাভ করেছে এবং বর্তমানের ফলাফল আগের চেয়ে সবচেয়ে উপরে। তবে, হ্যাকনি আবাসিক ছাত্রদের মধ্যে ৪০% শতাংশ ১১ বছর বয়সে বরোর বাহিরে চলে যায়। এর মধ্যে উল্লেখযোগ্য সংখ্যা হলো ছেলেদের।

৭। ২০০৫ সালে সেকেন্ডারিতে স্থানান্তরের ব্যাপারে মাতাপিতাদের পছন্দ থেকে জানা গেছে যে:

- মাতাপিতারা বর্তমান পরিকল্পনা অপেক্ষা স্কুলগুলিতে আরও মিশ্র, অসম্প্রদায়িক স্থান চায়।
- কেবলমাত্র মেয়েদের জন্য অনেক বেশী অসম্প্রদায়িক স্থান রয়েছে।
- কেবলমাত্র ছেলেদের জন্য স্কুলের চাহিদা খুবই কম।

৮। হ্যাকনি বর্তমানে সরবরাহ করে থাকে:

স্কুলের সংখ্যা ও ধরন	**২০০৫ এ প্রাপ্ত স্থানের সংখ্যা**	**শতকরা হিসাবে প্রাপ্ত স্থানের সংখ্যা**	**হ্যাকনি আবাসিক বরোর ভিতরে ও বাহিরে ২০০৫ সালে সেকেন্ডারি স্থানান্তরের জন্য ১ম অগ্রাধিকার**
৫টি কেবলমাত্র বালিকাদের স্কুল	৭২০	৪৩%	৫০২ (২৪%)
১টি কেবলমাত্র ছেলেদের স্কুল	২১০	১২%	১৩৭ (৬%)
৪টি মিশ্র	৭৫০	৪৫%	১৪৮৬ (৭০%)
সর্বমোট	১৬৮০	১০০%	২১২৫ (১০০%)

৯। বরোতে স্কুল পরিচালনার ব্যাপারে নিম্নলিখিত পরিবর্তনগুলির বিষয়ে সম্মত হওয়া গেছে:

- পেট্‌চি একাডেমি ২০০৬ সালে খুলবে এবং ১৮০টি মিশ্র ইয়ার ৭ স্থান সরবরাহ করবে
- ব্রিজ একাডেমি ২০০৭ সালে খুলবে এবং ১৮০টি মিশ্র ইয়ার ৭ স্থান সরবরাহ করবে।

১০। যেহেতু আরও মিশ্র স্কুল খোলা হচ্ছে, সেহেতু সিঙ্গেল সেক্স এডুকেশন (কেবলমাত্র ছেলে বা কেবলমাত্র মেয়েদের শিক্ষার ব্যবস্থা)-এর কমতি চাহিদা বিশেষ করে হ্যাকনির তিনটি অসম্প্রদায়িক মেয়েদের স্কুলের উপরে বিপরীত মুখী প্রভাব ফেলার সম্ভাবনার মধ্যে রয়েছে।

১১। বরো-ব্যাপী, নিম্নলিখিত পরিবর্তনগুলি বিবেচনা করা হচ্ছে:

- হোমারটন কলেজ অফ্ টেক্‌নোলজি বন্ধ করে দেয়ার ব্যাপারে প্রস্তাব ছাপানো হয়েছে। যদি অনুমোদন লাভ করে, তাহলে এই কেবলমাত্র ছেলেদের জন্য স্কুলটি বেশীর ভাগ ছাত্রদের জন্য ২০০৬ সালে বন্ধ হয়ে যাবে এবং এলাকাতে একটা নূতন মিশ্র স্কুল সরবরাহ করা হবে।
- তিনটি অসম্প্রদায়িক মেয়েদের স্কুলের মধ্যে একটি অথবা দুইটি মিশ্র স্কুলে পরিণত হবে।

সিক্সথ ফর্ম প্রস্তাব

১২। বর্তমানে অর্ধেকেরও বেশী হ্যাকনির কম বয়স্ক লোকজন ১৬ বছরের পরবর্তী শিক্ষা বরোর বাহিরে চালিয়ে যেতে পছন্দ করে। ২০০৩/০৪ শিক্ষা বছরে, ১৬-১৮ বছর বয়স্ক ৬৭% হ্যাকনি আবাসিক বরোর বাহিরের শিক্ষায় যোগদান করেছিলো এবং এই নমুনা হেগারস্টন ছাত্রদের মধ্যে দেখা গিয়াছে।

১৩। হ্যাকনিতে স্কুলগুলির মধ্যে তিনটি অংশীদারত্ব তৈরী করা হচ্ছে যেগুলি ১৪-১৯ পাঠ্যক্রম সরবরাহে সহযোগিতা করবে। হেগারস্টন হলো সাউথ পার্টনারশীপের অংশ, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে কার্ডিনাল পোল আর সি স্কুল, হ্যাকনি ফ্রী এন্ড পেরোশিয়াল সি ই স্কুল এবং ব্রিজ একাডেমি (২০০৭ সালে খুলছে)। দি লার্নিং ট্রাস্ট মনে করে যে দক্ষিণ হ্যাকনির স্কুলগুলির

মধ্যে এবং স্থানীয় কলেজগুলির মধ্যে জোরালো অংশীদারত্ব বজায় রাখলে হেগারস্টনের ছাত্ররা তাদের ১৬ বছরের পরবর্তী শিক্ষার জন্য প্রথম পছন্দ হিসাবে হ্যাকনিকে নির্বাচন করতে পারে। হেগারস্টনের জন্য সিক্সথ ফর্মের ব্যবস্থা সার্বিকভাবে এই অংশীদারত্বেরই অংশ হবে এবং সকল ধাপেই কোর্স প্রদান করবে।

১৪। দি লার্নিং ট্রাস্ট বিশ্বাস রাখে যে হেগারস্টনকে ১১-১৬ থেকে ১১-১৯ পর্যন্ত বাড়ালে হেগারস্টনের ছাত্ররা, অন্যান্য আবাসিকরা উপকার লাভ করবে এবং সেই সঙ্গে স্কুলের জন্যও মঙ্গল হবে।

- হেগারস্টনের ছাত্রদের জন্য ১১ বছরের পর থেকে একই সংস্থার ভিতরে এটি একটা ধারাবাহিক অগ্রগতি বজায় রাখতে সমর্থ দান করবে।
- আরও ব্যাপকভাবে স্থানীয় আবাসিকদের জন্য, এটি ১১ বছর বয়সে মাতাপিতাদের নির্বাচন করার ব্যাপারে ১৮ বছর বয়স পর্যন্ত একটা নিশ্চিত ব্যবস্থায় নিশ্চয়তা পাওয়ার ব্যাপারে সমর্থ দান করবে।
- যৌথ সিক্সথ ফর্ম কাজের জন্য এটা একটা উত্তেজনাকর স্ববিধাদি তৈরী করবে এবং ১৪-১৯ সাউথ পার্টনারশীপের ভিতরে হেগারস্টনের স্থান বৃদ্ধি করবে।
- সিক্সথ ফর্ম শিক্ষাদানের স্ববিধাদি প্রদান করার মাধ্যমে এটি কর্মচারি উন্নয়ন, ধরে রাখা ও নিয়োগ করার বিষয়ে সমর্থন জানাবে।

হেগারস্টন স্কুলে স্থানের চাহিদা

১৫। ১৯৯০ সালের শেষের দিকে হেগারস্টনে স্থানের চেয়ে আবেদনকারীর সংখ্যা অনবরতভাবে বেশী ছিলো। গত ৫ বছরে নিম্নলিখিত অনুসারে ১৮০টি ইয়ার ৭ এর স্থান প্রথম অগ্রাধিকার হিসাবে কমতে শুরু করলো:

স্কুল	২০০০	২০০১	২০০২	২০০৩	২০০৪	২০০৫
হেগারস্টন	২৩৫	২২৩	২০৮	১৯৭	১৭১	১১৪

১৬। সেপ্টেম্বর ২০০৫ইং তারিখে ছাত্রের সংখ্যা নীচে দেয়া হলো। প্রথম অগ্রাধিকার হিসাবে ছাত্রের সংখ্যা আরও কমা শুরু করলে স্কুল পূরণ করার বিষয়টি ঝুঁকির মধ্যে থাকবে।

ইয়ার গ্রুপ	৭	৮	৯	১০	১১	**সর্বমোট**
ছাত্রের সংখ্যা	**১৬৪**	**১৬৭**	**১৭৮**	**১৮০**	**১৮১**	**৮৬৬**

১৭। এটা প্রত্যাশা করা হচ্ছে যে পেট্চি ও ব্রিজ একাডেমি এই উভয় স্কুলের যথাক্রমে সেপ্টেম্বর ২০০৬ এবং ২০০৭ সালে খোলার বিষয়টি হেগারস্টনের ছাত্র ভর্তির উপরে প্রভাব ফেলবে। স্কুলটির ভবিষ্যতের ব্যাপারে একটা স্পষ্ট পরিকল্পনা দরকার।

স্কুল পরিচালনার জন্য উপায়সমূহ

স্কুলের জন্য বিভিন্ন ধরনের উপায় সম্পর্কে দি লার্নিং ট্রাস্ট আপনার মতামত জানতে চায় যার মধ্যে অন্তর্ভুক্ত আছে:

১ বর্তমান ফর্মে স্কুলটিকে অব্যাহত রাখা
- এর অর্থ হলো স্কুলটি ১১-১৬ কেবলমাত্র গার্লস্ স্কুল হিসাবে থাকবে

২ ১১-১৬ গার্লস্ স্কুলের সাথে একটা মিশ্র সিক্সথ ফর্ম যোগ করা
- ইয়ার ১১ এর সমাপ্তি পর্যন্ত স্কুলটি কেবলমাত্র গার্লস্ স্কুল হিসাবে থাকবে। মেয়েরা স্কুলে তাদের শিক্ষা অব্যাহত রাখতে সমর্থ হবে এবং ছেলেরা ইয়ার ১২তে ১৬ বছর বয়সে স্কুলটিতে যোগদান করতে সমর্থ হবে।

৩ স্কুলটিকে ১১-১৬ মিশ্র স্কুলে পরিবর্তন করা
- স্কুলটি ছেলে ও মেয়ে উভয়কেই ইয়ার ৭ থেকে ১১ পর্যন্ত ভর্তি করবে।

৪ স্কুলটিকে ১১-১৯ মিশ্র স্কুলে পরিবর্তন করা।
- স্কুলটি ছেলে ও মেয়ে উভয়কেই ইয়ার ৭ থেকে ১৩ পর্যন্ত ভর্তি করবে।

প্রস্তাবগুলি কবে কার্যে পরিণত করা হবে?

আমরা প্রস্তাব করছি যে উপায় ৩ অথবা ৪ সেপ্টেম্বর ২০১০ সালের আগে কার্যকর হবে না। তখন স্কুলের বর্তমান ইয়ার ৭ এর ছাত্ররা ইয়ার ১১ সমাপ্ত করে থাকবে। এর অর্থ হলো এই যে সেপ্টেম্বর ২০১০ সাল থেকে ছেলেদের স্কুলে ইয়ার ৭ থেকে ভর্তি করা হবে। উপায় ২ যেটি একটা মিশ্র সিক্সথ ফর্ম যোগ করার উপায় প্রদান করে এটি আরও আগে কার্যে পরিণত করা যেতে পারে, সার্বিকভাবে সাউথ পার্টনারশীপে স্থানের পরিকল্পনার উপর নির্ভর করে। উপায় ১ এর জন্য পরিচালনা বিষয়ক কোন পরিবর্তনের দরকার নাই।

প্রতিটি উপায়ের উপরে সুবিধা, অসুবিধা এবং দি লার্নিং ট্রাস্টের মতামতের বিষয়টি নীচে বিবেচনা করা হলো:

১ স্কুলটি এর বর্তমান ফর্মে অব্যাহত রাখা
সুবিধাগুলি ● নূতন নেতৃত্বের আওতায় স্কুলটি উন্নত ফলাফল অর্জন করার সুযোগ লাভ করবে। ● যেসব মাতাপিতা কেবলমাত্র মেয়েদের জন্য স্কুল পছন্দ করে তাদের জন্য স্কুলটির এটা একটা অতিরিক্ত উপায়।
অসুবিধাগুলি ● হ্যাকনিতে সিঙ্গেল সেক্স এডুকেশনের চাহিদা কমছে আর সেই সঙ্গে মিশ্র স্কুলের চাহিদা বাড়ছে। ● হেগারস্টনে স্থানের জন্য চাহিদা কমার দিকে রয়েছে। ● নূতন মিশ্র স্কুল খোলা হলে হেগারস্টন ছাত্র কমার ঝুঁকির মধ্যে থাকবে। ● সিক্সথ ফর্ম শিক্ষা সরবরাহ না করে, স্কুলটি অন্যান্য নিকটবর্তী স্কুলগুলির ন্যায় একই টার্মে থাকবে না।
দি লার্নিং ট্রাস্টের মতামত আমরা হেগারস্টনের উন্নতি স্বীকার করি তবে বিশ্বাস করি যে যদি স্কুলটির পরিবর্তন না হয়, তাহলে এটি ছাত্র সংখ্যা কমার ঝুঁকির মধ্যে থাকবে।

২ ২০১০ সাল কিংবা আরও আগে ১১-১৬ গার্লস্ স্কুলের সাথে একটা মিশ্র সিক্সথ ফর্ম যোগ করা
সুবিধাগুলি ● স্কুলটি এর উন্নতি বাড়াবার সুযোগ পাবে ● হেগারস্টনের ছাত্ররা তাদের ১৬ বছরের পরবর্তী শিক্ষা হেগারস্টনে অব্যাহত রাখতে সমর্থ হবে ● সিক্সথ ফর্ম শিক্ষার কারণে কর্মচারি নিয়োগ ও ধরে রাখার বিষয়টি উন্নত হতে পারে ● সাউথ পার্টনারশীপের মধ্যে হেগারস্টন অন্যান্য স্কুলগুলির ন্যায় একই ১৬ পরবর্তী সুবিধাদি প্রদান করবে
অসুবিধাগুলি ● স্থায়ীভাবে সংখ্যা কমতে থাকলে সিক্সথ ফর্মের জন্য নিয়োগের ভিত্তি কমে যাবে ● ছেলে অপেক্ষা বেশী করে মেয়েদের আকর্ষণ করার সম্ভাবনা
দি লার্নিং ট্রাস্টের মতামত যদি ১১-১৬ সংখ্যা কমার দিকে থাকে তাহলে সিক্সথ ফর্মের জন্য নিয়োগ কষ্টকর হবে। ছোট সিক্সথ ফর্ম যুক্তিযুক্ত হবে না এবং সম্পদ কিংবা কর্মচারি আকর্ষণ করবে না।

৩ স্কুলটিকে একটা ১১-১৬ মিশ্র স্কুলে পরিবর্তন করা অর্থাৎ স্কুল ২০১০ সাল থেকে ছেলে ও মেয়ে উভয়কেই ভর্তি করবে
সুবিধাগুলি • এটি বরো-ব্যাপী মাতাপিতাদের মিশ্র ব্যবস্থার চাহিদা পূরণে সাহায্য করবে • স্থানীয় ছেলেরা একটা প্রতিষ্ঠিত খ্যাতি সম্পন্ন বালিকাদের স্কুলে যোগদান করতে সমর্থ হবে • সেকেন্ডারি স্থানান্তরের সময়ে আরও বেশী হ্যাকনি ছাত্র বরোতে থাকবে • বেশী সংখ্যক ছাত্র স্কুলটি পছন্দ করতে যোগ্য হবে
অসুবিধাগুলি • যারা সিঙ্গেল সেক্স এডুকেশন পছন্দ করে তাদের জন্য হ্যাকনিতে কেবলমাত্র মেয়েদের স্থান সংখ্যা কমে যাবে • বর্তমান কিংবা ভবিষ্যতের কিছু ছাত্রদের পরিবার বর্গের মিশ্র শিক্ষার ব্যাপারে জোরালো আপত্তি থাকতে পারে। • সিক্সথ ফর্ম শিক্ষা প্রদান না করা ছাড়া, স্কুলটি নিকটবর্তী স্কুলগুলির ন্যায় একই টার্মে থাকতে সমর্থ হবে না।
দি লার্নিং ট্রাস্টের মতামত দি লার্নিং ট্রাস্ট বিশ্বাস করে যে যদি এটি মিশ্র স্কুল হয় তাহলে হেগারস্টনের ভবিষ্যত আরও সুরক্ষিত হবে।

৪ স্কুলটিকে একটা ১১-১৯ মিশ্র স্কুলে পরিবর্তন করা অর্থাৎ ছেলে ও মেয়ে উভয়কেই ভর্তি করবে এবং ২০১০ সাল থেকে একটা সিক্সথ ফর্ম যুক্ত করবে
সুবিধাগুলি • এটি মিশ্র ব্যবস্থায় মাতাপিতাদের চাহিদা পূরণ করবে • স্থানীয় ছেলেরা একটা প্রতিষ্ঠিত খ্যাতি সম্পন্ন বালিকা স্কুলে যোগদান করতে সমর্থ হবে • সেকেন্ডারি স্থানান্তরের সময়ে আরও বেশী হ্যাকনি ছাত্র বরোতে থাকবে • স্কুলের স্থায়ী বর্ধিত চাহিদা সমর্থন করার মাধ্যমে, বেশী সংখ্যক ছাত্র স্কুলটি পছন্দ করার ব্যাপারে যোগ্য হবে • হেগারস্টনের ছাত্ররা হেগারস্টনে তাদের ১৬ পরবর্তী শিক্ষা অব্যাহত রাখতে সমর্থ হবে • সাউথ পার্টনারশীপের মধ্যে ছাত্ররা ১৬ পরবর্তী বিভিন্ন ধরনের কোর্স পাবে • সিক্সথ ফর্ম শিক্ষার সুযোগের কারণে কর্মচারি নিয়োগ ও ধরে রাখার বিষয়টি উন্নত হতে পারে • সাউথ পার্টনারশীপের অন্যান্য স্কুলগুলির ন্যায় হেগারস্টন একই ১৬ পরবর্তী সুবিধাদি প্রদান করবে।
অসুবিধাগুলি • যারা সিঙ্গেল সেক্স এডুকেশন পছন্দ করে তাদের জন্য হ্যাকনিতে মেয়েদের স্থানের সংখ্যা কমে যাবে • বর্তমান কিংবা ভবিষ্যতের কিছু ছাত্রদের পরিবারবর্গের মিশ্র শিক্ষার ব্যাপারে জোরালো আপত্তি থাকতে পারে।
দি লার্নিং ট্রাস্টের মতামত হেগারস্টনের জন্য এটা একটা উত্তম উপায়। মিশ্র ভর্তির ফলে ছাত্রদের সংখ্যা ধরে রাখতে সাহায্য হবে এবং ১৬ পরবর্তী ব্যবস্থা স্থানীয় মাতাপিতাদের স্কুলটিকে পছন্দের ব্যাপারে আরও আকর্ষণীয় করে তুলবে।

পরবর্তী পদক্ষেপসমূহ এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার ব্যাপারে প্রস্তাবিত সময় তালিকা

এই দলিলে নির্ধারিত উপায়গুলির উপরে সকল স্টেকহোল্ডারদের কাছ থেকে মতামতকে দি লার্নিং ট্রাস্ট স্বাগত জানায়। এই পরামর্শের সময়ে ব্যক্ত করা সকল মতামতগুলি লার্নিং ট্রাস্ট বোর্ডের কাছে রিপোর্ট করা হবে এবং বোর্ড এগুলি বিবেচনা করবে। এটা হয়তঃ ২৪শে নভেম্বর ২০০৫ ইং তারিখে হবে।

<table>
<tr><th>তারিখ</th><th colspan="2">ব্যবস্থা গ্রহণ</th></tr>
<tr><td>বুধবার ২৮শে সেপ্টেম্বর ২০০৫ ইং থেকে সোমবার ১৪ই নভেম্বর ২০০৫ ইং পর্যন্ত</td><td colspan="2">পরামর্শের সময়সীমা যার ভিতরে অন্তর্ভুক্ত থাকবে:
• স্টেকহোল্ডারদের কাছে পরামর্শ দলিল বিলি
• মূখ্য স্টেকহোল্ডারদের সঙ্গে মীটিং</td></tr>
<tr><td>বৃহস্পতিবার ২৪শে নভেম্বর ২০০৫ ইং</td><td colspan="2">দি লার্নিং ট্রাস্ট বোর্ড পরামর্শের ব্যাপারে উত্তরগুলি বিবেচনা করবে।

যদি বোর্ড উপায় ১ এর অনুমোদন দেয়, তাহলে আর কোন ব্যবস্থা গ্রহণের দরকার নাই।

যদি বোর্ড মতামত দেয় যে ভবিষ্যতের জন্য উপায় ২, ৩ অথবা ৪ সর্বোত্তম হবে, তাহলে একটা স্ট্যাটুটরি (আইনগত) নোটিশ ছাপানোর দরকার হবে।</td></tr>
<tr><td colspan="3">যদি বোর্ড স্ট্যাটুটরি নোটিশ ছাপানোর ব্যাপারে মতামত দেয় তাহলে</td></tr>
<tr><td>বৃহস্পতিবার ৫ই জানুয়ারি ২০০৬ ইং</td><td colspan="2">স্ট্যাটুটরি নোটিশ ছাপানো</td></tr>
<tr><td>বৃহস্পতিবার ৫ই জানুয়ারি ২০০৬ ইং থেকে বৃহস্পতিবার ১৬ই ফেব্রুয়ারি ২০০৬ ইং</td><td colspan="2">প্রস্তাবটির ব্যাপারে মন্তব্য ও আপত্তি জানানোর জন্য স্ট্যাটুটরি ছয় সপ্তাহ সময়সীমা।</td></tr>
<tr><td>মার্চ/এপ্রিল ২০০৬ ইং
(তারিখ পরে জানানো হবে)</td><td>যদি কোন আপত্তি না থাকে:

দি লার্নিং ট্রাস্ট বোর্ড প্রস্তাবটি বিবেচনা করার জন্য মিলিত হবে</td><td>যদি আপত্তি পাওয়া হয়:

স্কুল পরিচালনা কমিটি প্রস্তাবটি বিবেচনা করার জন্য মিলিত হবে</td></tr>
</table>

কাদের সঙ্গে পরামর্শ করা হবে?

আমাদের লক্ষ্য হলো যত বেশী সম্ভব লোকজন ও স্বার্থান্বেষী দলগুলির সঙ্গে পরামর্শ করা যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- হেগারস্টন স্কুলের রোলের ছাত্র
- হেগারস্টন স্কুলের রোলের ছাত্রদের পেরেন্ট/ কেয়ারারগণ
- স্থানীয় প্রাইম্যারি বয়সের ছাত্রদের মাতাপিতা
- হেগারস্টন স্কুলের কর্মচারি
- হেগারস্টন স্কুলের গভর্নরগণ
- সকল হ্যাকনি স্কুলগুলির হেডটীচার ও গভর্নরদের সভাপতি এবং স্কুলের জন্য স্থানীয় অন্যান্য বরোর সেকেন্ডারি স্কুল ও প্রাইম্যারি স্কুলের হেডটীচারগণ
- স্থানীয় এফ ই সরবরাহকারী এবং বি সিক্স সিক্সথ ফর্ম কলেজ
- কাজ ভিত্তিক শিক্ষা সরবরাহকারী
- দি লার্নিং এন্ড স্কীল্স্ কাউন্সিল লন্ডন ঈস্ট ও সেন্ট্রাল
- ট্রেড ইউনিয়নসমূহ
- হ্যাকনি স্কুল গভর্নরস্ এসোসিয়েশন (এইচ এ এস জি এ)
- প্রতিবেশী এল ই এ সমূহ যার মধ্যে অন্তর্ভুক্ত আছে ইজলিংটন, হ্যারিঙ্গে, ওয়ালথাম ফরেস্ট, টাওয়ার হ্যামলেটস্, নিউহাম, করপোরেশন অফ্ লন্ডন
- হ্যাকনি কাউন্সিলারগণ
- হ্যাকনি কাউন্সিল
- হ্যাকনি এম পি গণ
- স্থানীয় কমিউনিটি দল ও ব্যবসায়িক অংশীদারগণ
- লন্ডন ডায়োসিজান বোর্ড, দি ডায়োসিজ অফ্ ওয়েস্ট মিনিস্টার, অর্থোডক্স জুইশ কমিউনিটির সংযুক্ত নেটওয়ার্ক

পরামর্শ বিষয়ক মীটিংসমূহ

পরামর্শ চলতে থাকবে ২৮শে সেপ্টেম্বর ২০০৫ ইং থেকে ১৪ই নভেম্বর ২০০৫ ইং তারিখ পর্যন্ত এবং মূখ্য স্টেকহোল্ডারদের সঙ্গে মীটিং অন্তর্ভুক্ত থাকবে। মীটিংগুলিতে টার্কিশ ও বাংলা দোভাষী থাকবে। আগে থেকে অনুরোধ জানালে আমরা অন্যান্য ভাষায় দোভাষী সরবরাহের ব্যবস্থা করবো।

শ্রোতা	তারিখ	স্থান	সময়
ইয়ার ৭ ও ৮ ছাত্রদের মাতাপিতা *ক্রেচ*	সোমবার ১০ই অক্টোবর ২০০৫ ইং	হেগারস্টন স্কুল ওয়েমাউথ ট্যারেচ ই ২ ৮ এল এস	বিকাল ৪.০০টা - সন্ধ্যা ৬.৪৫ মি:
ইয়ার ৯, ১০ ও ১১ ছাত্রদের মাতাপিতা *ক্রেচ*	মঙ্গলবার ১১ই অক্টোবর ২০০৫ ইং	হেগারস্টন স্কুল ওয়েমাউথ ট্যারেচ ই ২ ৮ এল এস	বিকাল ৪.০০টা - সন্ধ্যা ৭.০০টা
মাতাপিতা/ব্যাপক কমিউনিটির জন্য শনিবারের ড্রপ-ইন মীটিং *ক্রেচ*	শনিবার ১৫ই অক্টোবর ২০০৫ ইং	হেগারস্টন স্কুল ওয়েমাউথ ট্যারেচ ই ২ ৮ এল এস	সকাল ১০.০০টা- দুপুর ১২.০০টা
প্রাইম্যারি মাতাপিতাদের জন্য মীটিং *ক্রেচ*	বৃহস্পতিবার ২০শে অক্টোবর ২০০৫ ইং	সেব্রাইট স্কুল অড্রে স্ট্রীট ই ২ ৮ কিউ এইচ	বিকাল ৪.০০টা - সন্ধ্যা ৭.০০টা
ব্যাপক কমিউনিটির জন্য মীটিং *কানে শুনার লুপ*	সোমবার ৭ই নভেম্বর ২০০৫ ইং	দি লার্নিং ট্রাস্ট, ১, রীডিং লেন ই ৮ ১ জি কিউ	বিকাল ৫.০০টা - সন্ধ্যা ৭.০০টা

উপরের নির্ধারিত সকল মীটিংগুলি ‘ড্রপ-ইন’ হিসাবেই আয়োজন করা হবে যেখানে লোকজন ছাপানো সময়ের ভিতরে যেকোন সময়ে আসতে পারবেন এবং লার্নিং ট্রাস্টের কর্মচারিদের সঙ্গে আলাদাভাবে কথা বলতে পারবেন।

যেখানে ইঙ্গিত করা হয়েছে সেখানে ক্রেচ ও কানে শুনার লুপের ব্যবস্থা থাকবে।

স্কুলের ছাত্র, পরিচালক মন্ডলী, স্কুলের স্টাফ ও ইউনিয়নগুলির জন্য আলাদা করে মীটিং-এর ব্যবস্থা করা হবে।

পরামর্শের ব্যাপারে উত্তর দানের ফর্ম

হেগারস্টন স্কুলের ভবিষ্যত পরিচালনা

অনুগ্রহ করে নিম্নলিখিত ঠিকানায় ১৪ই নভেম্বর ২০০৫ ইং তারিখের মধ্যে আশা মিলেন্ডারের কাছে ফেরৎ পাঠান:

The Learning Trust, Hackney Technology and Learning Centre
1 Reading Lane, London E8 1GQ
ই-মেইল: asa.melander@learningtrust.co.uk

উত্তরদানকারীর নাম	

হেগারস্টন স্কুলের ব্যাপারে তার আগ্রহ (অনুগ্রহ করে উপযুক্ত মত বাক্সগুলিতে টিক্ দিন)

স্কুলের ছাত্র	☐	স্কুলের বাচ্চার পেরেন্ট	☐
স্কুলের কর্মচারি সদস্য	☐	স্কুলের গভর্নর	☐
প্রাইম্যারি বয়সী বালকের পেরেন্ট	☐	প্রাইম্যারি বয়সী মেয়ের পেরেন্ট	☐

অন্য (অনুগ্রহ করে বর্ণনা করুন) ……………………………………………………………………..

অনুগ্রহ করে আপনার অধিকতর পছন্দের উপায় সম্পর্কে নির্দিষ্ট করে বলুন

উপায় ১ - বর্তমান ফর্মে স্কুলটিকে অব্যাহত রাখা ☐

উপায় ২ - ১১-১৬ গার্লস্ স্কুলের সাথে একটা মিশ্র সিক্সথ ফর্ম যোগ করা ☐

উপায় ৩ - স্কুলটিকে একটা ১১-১৬ মিশ্র স্কুলে পরিবর্তন করা ☐

উপায় ৪ - স্কুলটিকে একটা ১১-১৯ মিশ্র স্কুলে পরিবর্তন করা ☐

এই দলিলে ব্যাখ্যা করা প্রস্তাবগুলি সম্পর্কে অনুগ্রহ করে মন্তব্য করুন

আপনি বৈদ্যুতিক উপায়ে উত্তর পাঠাতে পারেন, যদি আপনার ইন্টারনেট ব্যবহার করার সুবিধা থাকে। www.learningtrust.co.uk ভিজিট করুন এবং Publications/Consultations-এর মধ্যে দেখুন।

এই উত্তর করার ফর্মটি পূরণ করার জন্য ধন্যবাদ

দি লার্নিং ট্রাস্ট মনিটরিং ফর্ম

আমাদের পরামর্শ প্রক্রিয়ার কাজে সমান তথ্যাদির বিষয়ে সজাগ দৃষ্টি রাখার বিষয়টি গুরুত্বপূর্ণ যাতে করে আমাদের সমতার বিষয়টি আমরা উন্নত করতে পারি। আপনি যেসব তথ্য আমাদের দেবেন সেগুলি সফলতার সঙ্গে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে, যারা অসমতার অভিজ্ঞতা অর্জন করছে তাদের চাহিদাগুলি সনাক্ত করতে সাহায্য করবে এবং কোথায় সম্পদাদির জন্য লক্ষ্য ধার্য করতে হবে সে ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করবে।

এই তথ্য এমন কোন ভাবেই ব্যবহার করা হবে না যার ফলে কোন স্বতন্ত্র ব্যক্তিকে সনাক্ত করা যাবে।

যে কেটাগরি বা শ্রেণীগুলি আমরা ব্যবহার করি সেগুলি স্কুলে ব্যবহার করা শ্রেণীর মতই। আমরা ডাটা সংরক্ষণ আইন ১৯৯৮ মেনে চলি। আমরা এই তথ্যের সংবেদনশীলতার ব্যাপারে অবগত আছি এবং আপনাকে নিশ্চয়তা দিচ্ছি যে অন্য কোন উদ্দেশ্যে এটি ব্যবহার করা হবে না।

আমরা সেজন্য আমাদেরকে সাহায্য করার জন্য আপনাকে এই সংযুক্ত মনিটরিং ফর্মটি পূরণ করার জন্য অনুরোধ করবো।

প্রধান শ্রেণী বা কেটাগরি	**বর্ধিত শ্রেণী**	**অনুগ্রহ করে টিক্ দিন✓**
সাদা	সাদা ব্রিটিশ	
	অন্য কোন সাদা পটভূমির	
মিশ্র	সাদা ও কালো ক্যারাবিয়ান	
	সাদা ও কালো আফ্রিকান	
	সাদা ও এশিয়ান	
	অন্য কোন মিশ্র পটভূমির	
এশিয়ান	ভারতীয়	
	পাকিস্তানী	
	বাংলাদেশী	
	এশিয়ান ব্রিটিশ	
	অন্য কোন এশিয়ান পটভূমির	
কালো	ক্যারাবিয়ান	
	আফ্রিকান	
	কালো ব্রিটিশ	
	অন্য কোন কালো পটভূমির	
চায়নিজ	চায়নিজ	
অন্য কোন সংখ্যালঘু সম্প্রদায়ের	ভিয়েতনামিজ	
	অর্থোডক্স জুইশ	
	টার্কিশ/টার্কিশ সাইপ্রিয়ট	
	গ্রীক/গ্রীক সাইপ্রিয়ট	
	আইরিশ	
	অন্য কোন সংখ্যালঘু সম্প্রদায়	

ধর্ম	